**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, দেশকে আরো বেশি শক্তিশালী, ও সুরক্ষিত করতে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে।**
**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জি.এস.টি হার পরিবর্তনের ফলে ব্যবসায়ীরা প্রভূত উপকৃত হবেন|**
**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু অর্থনৈতিক শক্তি হিসেবে ভারতের ক্রমবর্ধমান মর্যাদার পাশাপাশি সাংস্কৃতিক শক্তি হিসেবে ভারতের পরিচয়কে শক্তিশালী করার জন্য সম্মিলিত প্রচেষ্টার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন।**
**(৪) সাংসদ বিপ্লব কুমার দেব আজ দক্ষিণ ত্রিপুরা জেলার শান্তিরবাজার মন্ডল যুবমোর্চার উদ্যোগে শান্তিরবাজারে আয়োজিত Namo যুব দৌড়ের সূচনা করেন।**

***************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, দেশকে আরো বেশি শক্তিশালী, ও সুরক্ষিত করতে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে। আজ আগরতলা বৌদ্ধ মন্দির সংলগ্ন ন্যাশনাল ফরেনসিক সায়েন্স ইউনিভার্সিটির মিলনায়তনে আয়োজিত সেমিনার ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, ত্রিপুরায় সাইবার অপরাধ মোকাবিলায় ফরেনসিক শিক্ষার নতুন দিগন্ত খুলে দিয়েছে এই বিশ্ববিদ্যালয়। তিনি আরো বলেন ডিজিটাল রূপান্তরের যুগে প্রযুক্তি যেমন অভূতপূর্ব অগ্রগতি এনেছে, তেমনই উন্মোচন করেছে অপরাধের নতুন মাত্রা। ডিজিটাল জগতে বেনামী ও সীমাহীন প্রকৃতি সাইবার অপরাধ তদন্তে নতুন চ্যালেঞ্জ তৈরি করছে। ত্রিপুরার ন্যাশনাল ফরেনসিক সায়েন্স ইউনিভার্সিটি রাজ্য ও দেশের সাইবার অপরাধ মোকাবিলায় নতুন দিগন্ত উন্মোচন করবে বলে রাজ্যপাল আশা

ব্যক্ত করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন এই বিশ্ববিদ্যালয় অধিকর্তা এইচ কে প্রতিহারী, ত্রিপুরা ক্রাইম ব্রাঞ্চের অতিরিক্ত পুলিশ সুপার নির্দেশ দেব।

****************************

**CM-GST :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ জিএসটি'র সংশোধিত হার নিয়ে আগরতলার মহারাজগঞ্জ বাজার ও কামান চৌমুহনীতে সচেতনতামূলক কর্মসূচিতে অংশগ্রহণ করেন এবং ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় করেন। মুখ্যমন্ত্রী বলেন জিএসটি'র হার সংশোধনের ফলে ব্যবসায়ীরা আর্থিক দিক দিয়ে প্রভূত উপকৃত হবেন।

**************************

**Market inaugurated at Barpathari :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ দক্ষিন জেলার বড়পাথরী কৃষি নিয়ন্ত্রিত বাজারের নবনির্মিত দ্বিতল ভবনের উদ্বোধন করেন। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া, দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক স্বপ্না মজুমদার প্রমুখ।

**************************

**Voice Over-GST Reforms :**

ভারতে পরবর্তী প্রজন্মের পণ্য ও পরিষেবা কর সংস্কার দেশের অপ্রত্যক্ষ কর ব্যবস্থায় তাৎপর্যপূর্ণ সরলীকরণ নিশ্চিত করেছে। এই সংস্কার ২২ সেপ্টেম্বর থেকে কার্যকর হয়েছে। নতুন ৫ ও ১৮ শতাংশ কর ব্যবস্থা দেশের মানুষকে উল্লেখযোগ্য স্বস্তি ও সাশ্রয়ের সুযোগ করে দিয়েছে। একটি প্রতিবেদন।

######VC######

************************

**Tourism Minister :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ নয়াদিল্লীতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে শ্রী চৌধুরী রাজ্যে পর্যটন পরিকাঠামোর সম্প্রসারণের কাজকর্ম সম্পর্কে কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে বিস্তারিত অবহিত করেন। রাজ্যে পর্যটন বিকাশে প্রয়োজনীয় আর্থিক সহায়তার জন্য শ্রী চৌধুরী কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ জানান।

**************************

**Press Meet-Tripura Electricity Regulatory Comission :**

ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশনের নব নিযুক্ত চেয়ারম্যান হেমন্ত ভার্মা বলেছেন, কমিশন ভোক্তাদের জন্য সাশ্রয়ী মূল্যের বিদ্যুৎ নিশ্চিত করার জন্য দায়বদ্ধ। আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, আসন্ন শারদ উৎসবের দিনগুলিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন ও রাজ্য বিদ্যুৎ নিগম একযোগে কাজ করবে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Lalit Kala Akademi National Award :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু অর্থনৈতিক শক্তি হিসেবে ভারতের ক্রমবর্ধমান মর্যাদার পাশাপাশি সাংস্কৃতিক শক্তি হিসেবে ভারতের পরিচয়কে শক্তিশালী করার জন্য সম্মিলিত প্রচেষ্টার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। আজ নতুনদিল্লিতে ললিত কলা একাডেমি আয়োজিত ৬৪তম জাতীয় শিল্প প্রদর্শনীর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, শিল্প, সাংস্কৃতিক ঐতিহ্যকে সমৃদ্ধ করার এবং সমাজকে আরও সংবেদনশীল করার একটি শক্তিশালী মাধ্যম।

রাষ্ট্রপতি মুর্মু আনন্দ প্রকাশ করে বলেন যে ললিত কলা আকাদেমি এই বছর শিল্পীদের শিল্পকর্ম বিক্রির ব্যবস্থা করেছে। তিনি বলেন যে এটি শিল্পীদের আর্থিক সহায়তা প্রদান করবে এবং দেশের সৃজনশীল অর্থনীতিকে শক্তিশালী করবে।

#####Byte-President#####

রাজ্যের গুণী শিল্পী তপতী ভৌমিক মজুমদার আজ রাষ্ট্রপতির হাত থেকে ললিত কলা একাডেমী রাষ্ট্রীয় পুরস্কার গ্রহণ করেন।

######Byte-Tapati Bhowmik Majumder######

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত, সংস্কৃতি মন্ত্রকের সচিব বিবেক আগরওয়াল এবং ললিত কলা আকাদেমির ভাইস চেয়ারম্যান ডঃ নন্দ লাল ঠাকুর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

******************************

**Voice Over-SEVA Pakhwada :**

সেবা ও সুশাসন অর্থাৎ জনসেবা ও সুশাসনের ভাবনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বর্তমান কেন্দ্রীয় সরকার রূপান্তর ও অগ্রগতির লক্ষ্যে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ এই বিশেষ সিরিজ-সেবা পর্বতে আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনার মাধ্যমে ভারতের যুবসমাজকে ক্ষমতায়িত করেছে।

######VC######

****************************

**PVC Ration Cards :**

ঊনকোটি জেলা সদর কৈলাশহরে আজ থেকে PVC রেশন কার্ড বিতরণ শুরু হয়েছে। ঊনকোটি কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে PVC রেশন কার্ড বিতরনের সুচনা করেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়।

****************************

**CM-Cloth Distribution :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আসন্ন দুর্গোৎসব উপলক্ষ্যে আজ আগরতলার উজ্জয়ন্ত প্রাসাদের সামনে আয়োজিত এক অনুষ্ঠানে পুর নিগমের ২০ নং ওয়ার্ড এলাকার দুঃস্থ মহিলাদের হাতে বস্ত্র তুলে দেন। তাছাড়া তিনি দুঃস্থ স্কুল পড়ুয়াদের হাতে পঠন সামগ্রীও তুলে দেন। উপস্থিত ছিলেন কর্পোরেটর রত্না দত্ত।

এদিকে মুখ্যমন্ত্রী আজ রামনগরেও পুর নিগমের ১৬নং ওয়ার্ডের দুঃস্থ পুরুষ ও মহিলাদের হাতে বস্ত্র তুলে দেন। দুটি অনুষ্ঠানেই তিনি শারদীয়া দুর্গোৎসব উপলক্ষে সবার সুখ ও সমৃদ্ধি কামনা করেন।

****************************

**BJP-Press Meet :**

কর্মচারীদের ৩ শতাংশ মহার্ঘ্য ভাতা প্রদান করায় রাজ্য সরকারকে ধন্যবাদ জানিয়েছে প্রদেশ বিজেপি। আজ আগরতলায় দলের সদর কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানান প্রদেশ বিজেপি মুখপাত্র নবেন্দু ভট্টাচার্য। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সহ সভাপতি তাপস ভট্টাচার্য।

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮-শে সেপ্টেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৬তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

****************************

**Nama Yuba Run :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ দক্ষিণ ত্রিপুরা জেলার শান্তিরবাজার মন্ডল যুবমোর্চার উদ্যোগে শান্তিরবাজারে আয়োজিত Namo যুব দৌড়ের সূচনা করেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে ভারতীয় জনতা যুব মোর্চার জাতীয় কর্মসূচি নেশা মুক্ত দেশ ও নেশা মুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে এই দৌড়ের আয়োজন করা হয়। যুব মোর্চার প্রদেশ সভাপতি বিধায়ক সুশান্ত দেব, বিধায়ক প্রমোদ রিয়াং প্রমুখ উপস্থিত ছিলেন কর্মসূচিতে। শান্তিরবাজার ট্রাই জংশন থেকে শুরু হয়ে সুভাষ কলোনি পেট্রোল পাম্প লাগোয়া এলাকায় গিয়ে দৌড় শেষ হয়।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৩ ডিগ্রি সেলসিয়াস।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *